**জমি বিক্রয়**

বনগাঁ থানার অন্তর্গত উত্তর কালুপুর গ্রামে পঞ্চায়েত রাস্তার পার্শ্বে ৬ ফুট রাস্তা সহ ৭ কাঠা জমি সম্পত্তি বিক্রয় হবে।

**যোগাযোগ ঃ ৬২৯৫২৬০৮০৫**



স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 07 ❑ Issue 21 ❑ 10 Aug, 2023 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3



নতুন সাজে সবার মাঝে | শীতাতপ নিয়ন্ত্রিত | ALANKAR | অলঙ্কার | যশোহর রোড • বনগাঁ | সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা | M : 9733901247


## এলাকায় বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা, হেল দোল নেই প্রশাসনের

প্রতিনিধি ঃ বনগাঁ মহাকুমার আকাইপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় লাফিয়ে লাফিয়ে বাড়ছে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা। অভিযোগ, এরপরেও ডেঙ্গি প্রতিরোধে প্রশাসন উদাসীন। মশা মারা তেল স্প্রে করা, আগাছা সাফাই করা, জমা জল নষ্ট করা এসব কাজ কার্যত কিছুই হচ্ছে না বলে অভিযোগ। তারই প্রতিবাদে বুধবার বিকেলে পথ অবরোধ করে বিক্ষোভ দেখালো বিজেপির কর্মী সমর্থকেরা। আকাইপুর রেল স্টেশন সংলগ্ন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সামনের সড়কে এই অবরোধের ফলে তীব্র যানজটের সৃষ্টি হয়। অবরোধকারীদের দাবি এলাকায় ডেঙ্গু আক্রান্ত মানুষের সংখ্যা ১০০ ছাড়িয়ে গিয়েছে। দৈনিক বনগাঁ মহকুমা হাসপাতালে যা রোগী ভর্তি হচ্ছে তার বেশিরভাগই আকাইপুর গ্রাম পঞ্চায়েত এলাকার ও বাসিন্দারা জানিয়েছেন জ্বর ডেঙ্গি ছড়ালেও মানুষকে সচেতন করার কাজ করছে না প্রশাসন। এলাকায় গিয়ে দেখা গেল, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মধ্যে আবর্জনা স্তূপ। সেখানে জল জমে আছে। চারিদিক আগাছায় ভরা। মশার তীব্র উপদ্রব শুরু হয়েছে। দিনের বেলা তো মশারি টাঙিয়ে থাকতে হচ্ছে।

বনগাঁ উত্তর কেন্দ্রের বিজেপি বিধায়ক অশোক কীর্তনীয়া বলেন, 'আকাইপুরের ঘরে ঘরে ডেঙ্গি ছড়িয়ে পড়েছে। দুজন মানুষ ইতিমধ্যে মারা গিয়েছেন। কিন্তু তাদের মৃত্যু শংসাপত্রে ডেঙ্গির উল্লেখ করা

তৃতীয় পাতায়...

## ডেঙ্গিতে মৃত্যু, আতঙ্কে গ্রামবাসী

প্রতিনিধি ঃ ডেঙ্গিতে আক্রান্ত হয়ে মৃত্যু হল এক বৃদ্ধের। তার বাড়ি বনগাঁর আকাইপুর গ্রাম পঞ্চায়েতের হুদা গ্রামে। বৃহস্পতিবার ভোরে বনগাঁ মহকুমা হাসপাতালে তার মৃত্যু হয়েছে।

স্বাস্থ্য দপ্তর সূত্রে জানানো হয়েছে মৃতের নাম দিলীপ রায় (৫৮)। ক'দিন ধরে তিনি জ্বরে আক্রান্ত হয়েছিলেন। বুধবার রাতে তাকে বনগাঁ মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সেখানেই তিনি চিকিৎসাধীন ছিলেন। এই ঘটনায় আকাইপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় আতঙ্কের সৃষ্টি হয়েছে। অভিযোগ, বনগাঁ মহকুমার মধ্যে সবচাইতে বেশি ডেঙ্গি প্রকোপ ছড়িয়েছে আকাইপুর গ্রাম পঞ্চায়েত এলাকাতেই। বুধবারই প্রশাসন ডেঙ্গির প্রতিরোধে কোন ব্যবস্থা নিচ্ছে না এই অভিযোগ তুলে বিজেপির পক্ষ থেকে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। অবরোধকারীদের দাবি, এলাকায় ডিম দিয়ে আক্রান্ত মানুষের সংখ্য ১০০ ছাড়িয়ে গিয়েছে।

বনগাঁ ব্লক ছাত্র আধিকারিক মৃগাঙ্ক সাহা রায় বলেন, 'যেকোন মৃত্যু দুর্ভাগ্যজনক। আমরা চিকিৎসকরা চেষ্টা করি রুগিকে সবসময় সুস্থ করে তুলতে। আকাইপুর পঞ্চায়েত এলাকায় হুদাগ্রামে একাধিক জায়গায় ক্যাম্পের ব্যবস্থা করা হয়েছে। নিয়মিত বাড়ি বাড়ি মশা মারার তেল চুন ব্লিচিং ছড়ানো হচ্ছে। জঙ্গল সাফাইয়ের কাজ করা হচ্ছে। স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে সমীক্ষা করছেন। কেউ জ্বরে আক্রান্ত হলে হাসপাতালে পাঠিয়ে তার চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে।"

## প্রায় ৩৭ লক্ষ টাকার সোনার বিস্কুটসহ ধৃত পাচারকারি

প্রতিনিধি ঃ আমদানি-রপ্তানির আড়ালে চোরাচালানের চেষ্টা ব্যর্থ করল বিএসএফ। পাচারকারী সহ পাঁচটি সোনার বিস্কুট উদ্ধার হল। বুধবার বেলা বারোটা নাগাদ ঘটনাটি ঘটেছে পেট্রাপোল সীমান্তে। বিএসএফ জানিয়েছে, উদ্ধার হওয়া সোনার ৫টি বিস্কুটের ওজন প্রায় ৬০০ গ্রাম। যার আনুমানিক মূল্য প্রায় ৩৭ লক্ষ টাকা। ধৃত পাচারকারির নাম নিসার মন্ডল। বাড়ি বনগাঁ থানার জয়পুর এলাকায়। পেশায় ট্রাক চালক। সে বিএসএফ জওয়ানদের ফাঁকি দিয়ে সোনার বিস্কুটগুলো বাংলাদেশ থেকে ভারতে ফেরত আসা খালি ট্রাকের কেবিনে লুকিয়ে আনার চেষ্টা করছিল। বাংলাদেশে পণ্য খালি করে ফেরার পথে ট্রাকটি আইসিপি পেট্রাপোলে আটক করে তল্লাশির সময় ট্রাকের কেবিনের ভিতরে সিটের পিছনে কার্বন পেপারে মোড়ানো একটি প্যাকেটের



মধ্য থেকে সোনা গুলি উদ্ধার হয়। সোনার বিস্কুট ও ট্রাক সহ ওই ট্রাক চালককে আটক করেছে বিএসএফ।

## বিজেপির নতুন সভাপতি দেবদাস

প্রতিনিধি ঃ বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার নতুন সভাপতি হলেন দেবদাস মন্ডল। তিনি বনগাঁ পৌরসভার বিজেপি কাউন্সিলর। রাজ্য নেতৃত্বের পক্ষ থেকে রবিবার দুপুরে তার নাম ঘোষণা করা হয়। নতুন সভাপতি হয়ে তিনি বলেন, 'আগামী দিনে দলকে শক্তিশালী করাই আমার লক্ষ্য। লোকসভা ভোটে বনগাঁ কেন্দ্র থেকে বিজেপিকে দু লক্ষ বাইশ হাজার ভোটের ব্যবধানে জয়ী করব।'



প্রসঙ্গত এতদিন বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি ছিলেন রামপদ দাস। তিনি বলেন, 'দলীয় সিদ্ধান্তই চূড়ান্ত। সভাপতি হওয়ার পর এদিন মতুয়া ঠাকুর বাড়িতে দেবদাস মন্ডলকে সম্বর্ধনা দেন বনগাঁর সাংসদ শান্তনু ঠাকুর ও গাইঘাটার বিধায়ক সুব্রত ঠাকুর। শান্তনু ঠাকুর বলেন, 'দেবদাস বাবু সভাপতি হওয়াটা খুশির খবর। আগামি দিনে দল শক্তিশালী হবে।

দেবদাস মন্ডল সভাপতি হওয়ার পর বিজেপি কর্মীদের মধ্যে সংশয় তৈরি হয়েছে। কারণ দীর্ঘদিন ধরেই বনগাঁয় বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে এসেছে। সাংসদ শান্তনু ঠাকুরের সঙ্গে রামপদ বাবুর সম্পর্ক তলানিতে এসে ঠেকেছিল। যেকোনো কর্মসূচিতে একপক্ষ অন্য পক্ষকে এড়িয়ে চলতেন। এবার কি হবে? সেই প্রশ্নই ঘুরছে বিজেপি কর্মী সমর্থকদের মধ্যে। তৃণমূলের বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি বিশ্বজিৎ দাস বলেন, দেবদাস সভাপতি হওয়ায় বনগাঁয় বিজেপি আগামী ৬ মাসের মধ্যে ভেঙে টুকরো টুকরো হয়ে যাবে।

## লক্ষাধিক টাকার ফসল নষ্টের অভিযোগ

প্রতিনিধি ঃ দিন কয়েক আগে এলাকায় বসানো পঞ্চায়েতের জলের কল চুরির ঘটনাকে কেন্দ্র করে এলাকার মানুষের মধ্যে অসন্তোষ ছিল। এর মধ্যেই ওই এলাকার কৃষকের কয়েক বিঘা জমির লক্ষাধিক টাকার ফসল নষ্টের অভিযোগে চাঞ্চল্য ছড়ালো এলাকায়। বাগদা থানার হরিহরপুর এলাকার ঘটনা। জমির মালিক মাজেদ মল্লিক শুক্রবার সকালে মাঠে

তৃতীয় পাতায়...

## চাঁদপাড়া ষ্টেশনের উন্নয়নে বরাদ্দ ২৩ কোটি, শীঘ্রই শুরু হবে কাজ

নীরেশ ভৌমিক ঃ দেশের স্বাধীনতার ৭৫ বৎসর পূর্তি উপলক্ষে (অমৃত মহোৎসব) ভারতীয় রেল মন্ত্রক সারা দেশে ৫০৮ টি রেল ষ্টেশন এর পুণর্নির্মান ও উন্নয়ন কর্মসূচি গ্রহন করেছে। পূর্বরেলের ২৮ টি ষ্টেশনকে অমৃত ভারত ষ্টেশন বা মডেল হিসেবে ঘোষণা করা হয়েছে। গত ৬ আগষ্ট দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজধানী দিল্লী থেকে ভার্চুয়ালি ভারতীয় রেলের এই বিশাল কর্ম কাণ্ডের কথা ঘোষনা করেন। পূর্বরেলের শিয়ালদহ বনগাঁ শাখার চাঁদপাড়া ষ্টেশনকেও এই প্রকল্পের মধ্যে রেখেছে রেলদপ্তর।

গত রবিবার সারা দেশের সাথে এই উপলক্ষে রেলদপ্তর চাঁদপাড়াতেও একটি সভার আয়োজন করে। ষ্টেশন সংলগ্ন রেল ময়দানে আয়োজিত সভায় চাঁদপাড়া অমৃত ভারত ষ্টেশন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বনগাঁ সাংসদ তথা কেন্দ্রীয় বন্দর ও জলপথ দপ্তরের প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর অন্যান্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনগাঁ সংসদীয় এলাকার বিধায়ক এ্যাডিশনাল জেনারেল ম্যানেজার অশোক মহেশ্বরী, পূর্বরেলের এ ডি আর এম সুজিত সঙ্গম প্রিয়দর্শী সহ অন্যান্য আধিকারিকগণ।

সভায় এলেকাবাসীর এক বিশাল জমায়েতে শান্তনু ঠাকুর জানান, চাঁদপাড়া রেল ষ্টেশানের অনেক সমস্যা ছিল, আমি নিজে এসে তা দেখে গেছি। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সাথে কথা বলে চাঁদপাড়াকে মডেল ষ্টেশন করার দাবি জানিয়েছি। উনি সে দাবি পূরণ করেছেন। এজন্য তাঁকে ধন্যবাদ। শুধু চাঁদপাড়া নয়, পাশাপাশি ঠাকুরনগর, বিভূতিভূষণ হল্ট ও বনগাঁ জংশনেরও উন্নয়নের কাজ চলছে। চাঁদপাড়া ষ্টেশনের পুণর্নির্মানে ২৩.২ কোটি টাকা বরাদ্দ হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে বলে সাংসদ শান্তনু বাবু জানান।

এদিনের অনুষ্ঠানে এলেকার কয়েকটি স্কুলের ছাত্র ছাত্রী ও তাদের অভিভাবকগণও উপস্থিত ছিলেন। রেলের উন্নয়ন ও আধুনিকিকরণের উপর পড়ুয়াগণের মধ্যে অংকন ও প্রবন্ধ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। ঢাকুরিয়া উচ্চ বিদ্যালয়, ঢাকুরিয়া বালিকা বিদ্যালয়, চাঁদপাড়া বাণী বিদ্যাবীথি ও চাঁদপাড়া বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশ নেয়। সফল প্রতিযোগীগণের হতে শংসাপত্র ও স্মারক উপহার তুলে দিয়ে শুভেচ্ছা জানান।

কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর সহ উপস্থিত ছিলেন বিধায়ক ও রেলের পদস্থ অধিকারিগণ। রেল মন্ত্রকের পক্ষ থেকে এদিন এ জি এম অশোক মহেশ্বরী এলেকার সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের হাতে স্মারক উপহার তুলে দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। রেলযাত্রী সহ বৃহত্তর চাঁদপাড়া এলেকার মানুষজন চাঁদপাড়া ষ্টেশনের পুনঃউন্নয়নে রেল মন্ত্রক ও স্থানীয় সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুরের এই উদ্যোগকে স্বাগত জানান।

## শ্রমিকদের আন্দোলনের জেরে বন্ধ বাস পরিষেবা

প্রতিনিধি ঃ কিছু শ্রমিকের আন্দোলনের জেরে বন্ধ হয়ে গেল বনগাঁ বাগদা এবং বনগাঁ দত্তফুলিয়ার মধ্যে বাস চলাচল। শুক্রবার দিনভর বাস চলাচল বন্ধ থাকায় সমস্যায় পড়েন নিত্যযাত্রীরা। অভিযোগ, কিছু বাস শ্রমিকের আন্দোলনের জেরে এই অচলাবস্থা তৈরি হয়েছে। বাস মালিক সমিতির সহ-সভাপতি শংকর আঢ্য বলেন, '৯টি বাসের কোন কাগজপত্র না থাকা সত্ত্বেও রুটে চলাচল করছিল। মালিক সমিতি বৈঠক করে তাদের কাগজ ঠিক করবার জন্য দু-মাস সময় দিয়েছিল। তারা মুচলেকা দিয়ে জানিয়েছিল, তারা এই সময়ের মধ্যে কাগজপত্র ঠিক করে নেবেন। না হলে রুটে তারা চলাচল করবে না। কিন্তু দু-মাস পেরিয়ে গেলেও তারা নথিপত্র ঠিক করেনি। ওই বাসের গুটি কয়েক শ্রমিক বাস চলাচল বন্ধ করে দিয়েছে। বিষয়টি আমরা প্রশাসনকে জানিয়েছি। এ বিষয়ে তৃণমূলের আইএনটিটিইউসির বনগাঁ সাংগঠনিক জেলা সভাপতি নারায়ণ ঘোষ বলেন, 'বাস পরিষেবা বন্ধ রাখার পক্ষে আমি নই। শ্রমিক মালিকদের মধ্যে সমস্যা হলে তা আলোচনার মাধ্যমে মিটিয়ে নিতে হবে। বিষয়টি খোঁজখবর নিয়ে দেখছি।


Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

বর্ষ ০৭ ❐ সংখ্যা ২১ ❐ ১০ আগস্ট, ২০২৩ ❐ বৃহস্পতিবার

## ধর্ম ধর্মেই থাক, রাজনীতিতে নয়

জীবজগতে মানুষ হল শ্রেষ্ঠ জীব। কখনো প্রতিকূলতার সঙ্গে সে যুদ্ধ করতে করতে এগিয়েছে আবার কৌশলগত বুদ্ধির প্রয়োগেও কখনো সে এগিয়েছে। এগোনোর পেছনে আছে অনেক রক্তপাত, হিংসা, মারামারি, দলাদলি। আমরা সবাই জানি মানুষের মধ্যে আছে দুটো শক্তি, একটা শুভশক্তি, আর একটা পশুশক্তি বা একটা দেবত্ব শক্তি, অন্যটা আসুরিক শক্তি। এই দুই শক্তির সমন্বয়ে মানুষের মধ্যে নিরন্তর দ্বন্দ্ব।

এদিকে মানুষের সভ্যতা ধীরে ধীরে এগিয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশে, বিভিন্ন সময়ে জন্ম নিয়েছেন অনেক মহৎপ্রাণ মহাপুরুষ। তারা বোঝালেন, মানুষের ধর্ম কী, বেঁচে থাকার সার্থকতা কোথায়!

দেখতে দেখতে জগতে এলো সনাতন হিন্দু ধর্ম, বৌদ্ধ ধর্ম, জৈন ধর্ম, ইসলাম ধর্ম। সব ধর্মের মূল কথা প্রেম। কিন্তু ধর্মের মূল বাণীটা মানুষ ভুলে গেল। সেখানে এলো ধর্মীয় গোঁড়ামি, হিংসা, মারামারি, কাটাকাটি। এর ফলে আমরা দেখতে পেলাম, ধর্মে ধর্মে, সম্প্রদায়ে সম্প্রদায়ে বাঁধলো সংঘাত। প্রকৃত ধর্মের মূল সত্যকে জানার বদলে প্রকাশ পেল স্বার্থচিন্তা। ফলে মানুষ ভুলে গেল প্রেম ও মৈত্রীর কথা। পরিবর্তে এলো রক্তপাত ও দাঙ্গা। ব্যক্তিগত প্রাপ্তিকে মানুষ বড় করে দেখলো। ধর্মকে মানুষ ক্ষুদ্র স্বার্থসিদ্ধির উপকরণ হিসেবে ব্যবহার করলো। অন্যদিকে কিছু মানুষ রাজনৈতিক উদ্দেশ্য সাধনের হাতিয়ার করলো।

আসলে একটা কথা বুঝতে হবে ঠান্ডা মাথায়, মানুষ কিন্তু মানব ধর্মের দিকে তপস্যা করতে বলছে, সেখানেই মানুষ সর্বজনীন। তাই তো মানুষ নিজের আত্মার মধ্যে অন্যের আত্মাকে, অন্যের আত্মার মধ্যে নিজের আত্মাকে জানে। যে জানে, সেই সত্যকে জানে। এই সত্যই হলো মানবধর্ম। এজন্যই 'সবার উপর মানুষ সত্য, তাহার উপরে নাই।' এই ধর্মে রয়েছে অপার ধৈর্যশক্তি, মানুষের প্রতি অকৃত্রিম ভালবাসা। যে ধর্মের মধ্যে সহনশীলতা আছে, শান্তির কথা আছে, সেই ধর্মই মানুষের ধর্ম। এই ধর্মেই একমাত্র মানুষ নির্মল নিঃশ্বাস পেতে পারে।

# বাদশাহী হারেম কাহিনি



**নির্মল বিশ্বাস**

গত সপ্তাহের পর...

বহির্প্রান্তে খোজা প্রহরী এবং তাঁদের থেকে নির্দিষ্ট দূরত্বে সন্ত্রস্ত একদল অনুগত রাজপুত বাহিনী প্রহরায় নিযুক্ত থাকতেন। আঁটোসাঁটো প্রহরা থাকায় বাইরের কেউ হারেমে প্রবেশ করা ছিল দুঃসাধ্য। সূর্যাস্তের সময় হারেমের দ্বার বন্ধ হয়ে যেত এবং সন্ধ্যার পূর্বেই আলো জ্বালিয়ে দেওয়া হতো সমস্ত মহলে।

প্রত্যেক মহিলা রক্ষী হারেমের সমস্ত কর্মকাণ্ড সম্পর্কে 'নাজির'কে অবহিত করতে বাধ্য থাকতেন। হারেমের খোজারাই 'নাজির' নামে অভিহিত হতেন। হারেমের সমস্ত কার্য ও ক্রিয়াকলাপ লিখিত আকারে সম্রাটির নিকট প্রেরণের নির্দেশ ছিল। সম্রাটের নিকট আত্মীয় বা কোনও অভিজাতের স্ত্রী যদি হারেম দর্শনে অভিলাষী হতেন, তাহলে তাঁকে হারেমের কর্মচারীকে অবশ্যই অভিহিত করতে হত। উক্ত কর্মচারী প্রাসাদের কর্মকর্তাদের নিকট এরূপ আকাঙ্ক্ষার কথা জানানোর নির্দেশ ছিল। এরপর যদি তিনি হারেমের প্রবেশের জন্য উপযুক্ত বিবেচিত হতেন তাহলেই তাঁকে প্রবেশের অনুমতি দিতেন। প্রত্যেক রাজকুমারীর একজন করে 'নাজির' বা খোজা থাকতেন। যার ওপর তিনি গভীর আস্থা স্থাপন করতে পারতেন। সম্রাট কিংবা নবাব প্রাসাদের অভ্যন্তরে ঘুরে বেড়ানোর সময় 'কানিজ' ওরফে নারী কর্মচারীরা তাঁকে সর্বদা অনুসরণ করতে মুঘল রমণীদের বসবাসের স্থান হারেম-এ বিশেষ কারণ ছাড়া, যেমন ঃ শিক্ষা ও চিকিৎসক, অর্থাৎ কোনও পর পুরুষের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ছিল।

হারেম তুর্কী ভাষায় প্রতিশব্দ হল 'সেরাগলিও' পারসিক প্রতিশব্দ 'জেনানা' এবং সংস্কৃতে প্রতিশব্দ 'অন্তঃপুর'। তবে মুঘল হারেমের বিষয়ে অল্প কিছু তথ্য পাওয়া গেলেও, এর কোনও প্রত্যক্ষ বিবরণ নেই। তবে যেটুকু পাওয়া যায় তার প্রধান উৎস ইউরোপীয় পর্যটকদের বিবরণ থেকে। যাঁরা অধিকাংশ তাঁদের মনগড়া কাহিনি হয়ে থাকতে পারে। হয়তো সেগুলি লেখকরা ফুলিয়ে ফাঁপিয়ে এমন পর্যায়ে নিয়ে গেছেন, সেখান থেকে সত্যধ উদ্ধার করা কখনই সম্ভব নয়।

সম্রাটদের হারেমের সব মহিলা— তাঁর স্ত্রী, উপপত্নী, নর্তকী, বাইজি, গায়িকা ও বাঁদিরা। এ ভাবনা ঠিক নয়। সম্রাটের মা, সৎমা, দুধমা, খালা, চাচি, দাদি, নানী, ফুফু, কন্যা, পুত্রবধূ ও নানা মহিলা আত্মীয়-স্বজন সেখানে থাকতেন। এমন কী শিশু শাহাজাদারাও নিশ্চয়ই হারেমে থেকে বড় হয়েছেন। আবার এও শোনা যায়, সম্রাট জাহাঙ্গীর শাহাজাদা হিসাবে হারেমে বড় হয়েছেন। রানী এবং রাজ পরিবারের মহিলা সদস্য দের পোষ্য রাও সখিরাও হারেমে থাকতেন। এছাড়া হারেমে নানা প্রয়োজনে নানা পদে মহিলাদের নিয়োগ করা হতো। মহিলাদের পাহারাদার সেনিক হিসাবে খোজাদের নিয়োগ করতেন নবাব।



শাহাজাদীদের শিক্ষক-শিক্ষিকারাও মহলে অনেক সময় থাকতেন। খবরা খবর সম্রাটের কাছে পৌঁছে দেওয়ার জন্য গোয়েন্দা নিয়োগ করা হত। এমন কী রানী শাহজাদীদের নিজস্ব গোয়েন্দা বাহিনী থাকত। চলবে...

## গোবরডাঙায় রূপান্তর নাট্যোৎসবে মঞ্চস্থ হল ৬ খানি নাটক

নীরেশ ভৌমিক ঃ নাটকের শহর গোবরডাঙার সুপ্রাচীন নাট্যদল রূপান্তর এবছর সুবর্ণজয়ন্তী বর্ষে পদার্পন করেছে। নাট্য আন্দোলনে পথ চলার এই সুদীর্ঘ ৫০ বৎসরকে স্মরনীয় করে রাখতে বছরভর নানা অনুষ্ঠানের আয়োজন করেছে রূপান্তর কর্তৃপক্ষ। গত ২২ ও ২৩ জুলাই গোবরডাঙার শিল্পায়ন স্টুডিও থিয়েটারে অনুষ্ঠিত হয় রূপান্তর নাট্যোৎসবর (২০২৩-২৪) প্রথম পর্ব।

২২ জুলাই অপরাহ্নে সদ্যপ্রয়াত স্বনামখ্যাতা নাট্যাভিনেত্রী দীপা ব্রহ্ম নামাঙ্কিত মঞ্চে আয়োজিত রূপান্তর নাট্যোৎসবের উদ্বোধনে বিশিষ্ট জনদের মধ্যে ছিলেন সংস্কার ভারতী পশ্চিমবঙ্গের প্রতিনিধি উদয় কুমার দাস, বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব দেবাশিস সরকার, রূপান্তর এর নাট্যনির্দেশক বর্ষিয়ান শ্যামল দত্ত সাংবাদিক ইন্দ্রজিৎ আইচ ও নাট্য আকাদেমীর সদস্য আশিস চ্যাটার্জী প্রমুখ। পৌরোহিত্য করেন রূপান্তর এর সভাপতি বর্ষিয়ান শশাঙ্ক শেখর দত্ত। উদ্যোক্তরা সকলকে পুষ্প স্তবক ও উত্তরীয় প্রদানে বরণ করে নেন। বিশিষ্ট জনেরা সকলে তাঁদের বক্তব্যে দীর্ঘ ৫০ বৎসর যাবৎ নাট্যচর্চা ও প্রসারে গোবরডাঙা রূপান্তর এর প্রয়াসকে সাধুবাদ জানান।

দু'দিন ব্যাপী আয়োজিত নাট্যোৎসবে মোট ৬ খানি নাটক মঞ্চস্থ হয়। উৎসবের শুরুতে আয়োজক রূপান্তর মঞ্চস্থ করে প্রতাপ সেন নির্দেশিত ছোটদের নাটক সোনালী ভোরের স্বপ্ন। রক্তদান আন্দোলনের উপর শিক্ষামূলক নাটকটি উপস্থিত দর্শক সাধারনের প্রশংসালাভ করে। এদিন হালিশহরের ইউনিটি মালঞ্চ প্রযোজিত মঞ্চসফল নাটক হনুয়া কা বেটা এবং বনগাঁর গোবরাপুর আরেক থিয়েটার পরিবেশিত সকলের ভালো লাগার নাটক আলো আঁধারে।

দ্বিতীয় দিন শুরুতেই মঞ্চস্থ হয় আয়োজক রূপান্তর প্রযোজিত কবিগুরু কাব্য নাটক বিসর্জন অবলম্বনে আত্মাহুতি, দ্বিতীয় নাটক থিয়েটার প্রসেনিয়াম প্রযোজিত দর্শক প্রশংসিত নাটক 'ঘর ছাড়ার ডাক' এদিনের শেষ নাটক হুগলীর হরিপাল নাট্যপ্রহরী প্রযোজিত শুখা মাটির শূলিনী নাট্যমোদী বহু দর্শকের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে প্রথম পর্বের রূপান্তর নাট্যোৎসব সার্থকতা লাভ করে।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫
৭০৭৬২৭১৯৫২

### ভ্রম সংশোধন

গত ইংরাজী ০৩ আগস্ট, ২০২৩ তারিখের ২০তম সংখ্যার তৃতীয় পাতায় গাইঘাটা পঞ্চায়েত সমিতির ইছাপুর-১ গ্রাম পঞ্চায়েতের ফলাফল প্রকাশিত হলেও গ্রাম পঞ্চায়েতের নাম দেওয়া হয়নি। অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা দুঃখিত।

গত ইংরাজী ২৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের ১৯তম সংখ্যার চতুর্থ পাতায় গাইঘাটা পঞ্চায়েত সমিতির ধর্মপুর-১ গ্রাম পঞ্চায়েতের প্রকাশিত ফলাফলে খায়ের মণ্ডল জাতীয় কংগ্রেসের প্রার্থী হিসাবে জয় লাভ করেছেন। কিন্তু প্রকাশিত হয়েছিল নির্দল প্রার্থী। একই সংখ্যার একই পাতায় দ্বিতীয় ফলাফলে শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের জায়গায় রামপুর ছাপা হয়েছিল। অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা দুঃখিত।

### নেচার স্টাডি বা প্রকৃতি চর্চা

# সুপ্রিম কোর্টের গাছ কাটা অনুমোদন শর্তাধীনে



**অজয় মজুমদার**

**গত সপ্তাহের পর**

যার উদ্দেশ্য ইকো-ফ্রেন্ডলি হাইওয়ে তৈরি করা। স্থানীয় কমিউনিটি, কৃষক, ছাত্র-ছাত্রী, ক্লাব, পঞ্চায়েত, স্বনির্ভরদল, এনজিও, বনদপ্তর ও অন্যান্য সরকারি দপ্তরের অংশগ্রহণের মধ্যে দিয়ে। ভারতবর্ষে মোট ৪৫.৯৯ লাখ কিলোমিটার রাস্তা রয়েছে। তার মধ্যে জাতীয় সড়ক রয়েছে মাত্র ১ লক্ষ ৬৫ হাজার কিলোমিটার। অর্থাৎ ২ শতাংশের মতো। এর সাথে আরও ৪০ হাজার কিলোমিটার রাস্তা জুড়ে গ্রীন হাইওয়ে প্রকল্প করা হবে। ৩৫ নং বর্তমানে ১১২ নং জাতীয় সড়কের মধ্যে যশোর রোড ৬১ কিলোমিটার এক অনন্য বিশেষত্ব নিয়ে দাঁড়িয়ে আছে।



৫ই মে ২০১৬ বারাসাত থেকে বনগাঁ পর্যন্ত যশোর রোড সম্প্রসারিত হবে, কাটা পড়বে কয়েক হাজার গাছও। তাই গাছ কাটা রুখতে পথে নেমেছিল এপিডিআর বনগাঁ, বারাসাত, ও মছলন্দপুর- গোবরডাঙা-ঠাকুরনগর শাখার সদস্যরা। তাদের উদ্যোগে এর প্রতিবাদ হয়। ২১শে জানুয়ারি ২০১৬ জয়ন্তীপুর বাজার থেকে গাইঘাটা বাজার পর্যন্ত এক প্রচার অভিযান চালানো হয়। এই দীর্ঘ পথে সংগঠন কর্মীরা প্রচার পত্র বিলি করেন পাশাপাশি পরিবেশে গাছের প্রয়োজনীয়তা বিষয়ে সচেতনতামূলক বক্তব্য পরিবেশন করেন বক্তারা। সংস্থার বক্তব্য ছিল—

১. গাছ বাঁচিয়ে রাস্তা চাই।
২. গাছ কেটে নয়, কাটার আগে কয়েকটি গাছের চারা লাগিয়ে বড় করতে হবে।
৩. মাঝখানে গাছ রেখে রাস্তা সম্প্রসারিত হোক।
৪. প্রয়োজনে যত কম সংখ্যক গাছ কেটে, বাইপাস অথবা উড়াল পুলের মাধ্যমে সমস্যার সমাধান করতে হবে।

সংগঠনের পক্ষ থেকে আরো বলা হয়, জয়ন্তীপুর থেকে বাংলাদেশ সীমান্ত পর্যন্ত মাঝখানে গাছ রেখেই রাস্তা সম্প্রসারিত করা হয়েছে। চাকদার রোড সম্প্রসারণের সময় বলা হয়েছিল রাস্তা সম্প্রসারণের পর নতুন করে গাছ লাগানো হবে। কিন্তু সেই প্রতিশ্রুতি পালিত হয়নি। এপিডিআর এর প্রচার কর্মসূচিতে সাধারণ মানুষ, কলেজ, বিশ্ব বিদ্যালয়ের অসংখ্য ছাত্রছাত্রী সাড়া দিয়েছিলেন।

চাকদহ রোড সম্প্রসারণ হয় ২০১০ সালে। কয়েক হাজার গাছ কাটা হয়। একটি কাটা গাছের পরিবর্তে পাঁচটি চারা লাগানোর কথা থাকলেও তা করা হয়নি বলে অভিযোগ। পরিবেশবিদ ও বাসিন্দাদের দাবি, কেটে ফেলা প্রাচীন গাছগুলি ছিল এলাকার ঐতিহ্য। পরিবেশের ভারসাম্য রক্ষা করতেও তাদের গুরুত্ব অপরিসীম। শিরীষ গাছ 'রেন-ট্রি' হিসেবে কাজ করে। গাছের শিকড় মাটির গভীরে প্রবেশ করে ভূমিক্ষয় রোধ করে। গাছে প্রচুর পাখিদের আনাগোনা ছিল। নতুন গাছ তৈরি করা তো দূরে থাক, উপরন্তু গাইঘাটা থানার আংরাইল থেকে ঝাউডাঙ্গা এলাকার মধ্যে রাস্তার দুধারে গাছগুলি মারা গিয়েছে। ঝাউডাঙ্গা পঞ্চায়েত সূত্রে জানানো হয়েছে, ইতিমধ্যেই ৩২ টি গাছের মৃত্যু হয়েছে। এছাড়া পাশের রামনগর পঞ্চায়েত এলাকাতেও কয়েকটি গাছ মারা গিয়েছে। এর আগে হাবরা থানার কুমড়া পঞ্চায়েতের বাগাডাঙ্গা মোড় থেকে মাকালতলা যাওয়ার রাস্তায় দু'ধারে ২১ টি গাছের অকাল মৃত্যু ঘটেছিল ও তাছাড়া যশোর রোডের বেশ কিছু গাছ মৃত্যুর কোলো ঢলে পড়েছে।

মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশা কাটেনি। গাছের অকাল মৃত্যুর পেছনে কাঠ পাচারকারীদের হাত থাকতে পারে বলেও অভিযোগ উঠেছে। কাঠ পাচারকারীরা রোগবাহী ছত্রাক ব্যবহার করে গাছের মৃত্যু ঘটাতে পারে বলেও অনেকে মনে করেন। মধ্যপ্রাচ্যের ওমান বিশ্ববিদ্যালয়ের একটি রিপোর্ট থেকে জানা যায়, সাইটালিডিয়াম ডিমিডিয়াটা লিডিয়াম ছত্রাকই শিরীষ গাছের মৃত্যুর কারণ। এই ছত্রাক আট ধরনের গাছের উপর হামলা চালাচ্ছে। এই ছত্রাকের আক্রমণ শুরু হতেই পলিফাঙ্গাস আক্রমণ চালায়। গাছ ছাতুর মত গুঁড়ো হয়ে যায়। একসময় ভেঙে পড়ে। পরিবেশবিদদের মতে, অবিলম্বে বিশেষজ্ঞদের দিয়ে সমীক্ষা করে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

সকলেরই উচিত বৃক্ষপ্রেমী হয়ে ওঠা। পরিবেশ সবার ও কেদারনাথ, বদ্রিনাথের প্রাকৃতিক দুর্যোগের কথা আশা করি কেউই ভোলেননি। সম্প্রতি ঘটে গেল তুরস্কের ভূমিকম্প। এ সব কিছুর মূলে পরিবেশের উপর অসুস্থ উন্নয়নের থাবা। ... সমাপ্ত

## গাইঘাটা শিমুলিয়া পাড়া সমবায়ে কৃষকসভা

নীরেশ ভৌমিক ঃ গত ৮ আগস্ট দেশের অন্যতম সার প্রস্তুতকারী সংস্থা ইফকোর উদ্যোগে গাইঘাটার চাঁদপাড়া শিমুলিয়া পাড়া আদর্শ সমবায় কৃষি উন্নয়ন সংস্থার ব্যবস্থাপনায় কৃষি বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সমিতির ৪০ জন সদস্য উপস্থিত ছিলেন।

এদিনের কৃষক সভায় ইফকোর প্রতিনিধি জেলার ফিল্ড ম্যানেজার রীতেশ ঝা ইফকোর যুগান্তকারী আবিষ্কার ন্যানো ডি এ পি (তরল) সাগরিকা বায়োফার্টিলাইজার ও প্রাকৃতিক পটাশ ইত্যাদি সারের গুরুত্ব ও জমিতে ও ফসলে ব্যবহারের প্রয়োজনীয়তা তুলে ধরে বক্তব্য রাখেন। ফসলের উপযোগী ইফকোর প্রস্তুত এই সারগুলি ব্যবহারের পদ্ধতিও ব্যক্ত করেন। সমবেত কৃষকদের নিকট কৃষি বিশেষজ্ঞ মিঃ ঝা ন্যানো ডি এ পি তরল সার জলে মিলিয়ে সকালে বা বিকালের দিকে ফসলে স্প্রে করার পরমর্শ দেন। এদিন কৃষি আলোচনা চক্রে উপস্থিত কৃষকদের মধ্যে ইফকোর বিভিন্ন সার প্রয়োগের ব্যাপারে বেশ উৎসাহ ও আগ্রহ পরিলক্ষিত হয়।

# সংস্কার ভারতীর অমৃত অর্পন ও দীনবন্ধু মিত্র স্মরণ অনুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ দেশের স্বাধীনতার ৭৫ তম বর্ষপূতি উপলক্ষে (অমৃত মহোৎসব) সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ রাজ্য জুড়ে অমৃত করে চলেছে। সংগঠনের উত্তর ২৪ পরগণা জেলা শাখা গত ৫ আগষ্ট সন্ধ্যায় গোবরডাঙার নিবেদিতা শিশুতীর্থ স্কুলে এক আলোচনা সভার আয়োজন করে। স্বাধীনতার ৭৫ তম বর্ষপূতি মহোৎসবের সমাপন সমারোহ উপলক্ষে আলোচনায় অংশ নিয়ে স্বাধীনতা আন্দোলন, স্বাধীনতা এবং পরবর্তী সময়ে দেশ ও জাতি গঠনের উপর আলোকপাত করে বক্তব্য রাখেন বর্ষিয়ান শিক্ষাব্রতী ও সমাজকর্মী গোপাল কুন্ড, শ্রী কুন্ডু জানান, ভারতবর্ষের সংস্কৃতি রক্ষায় প্রয়াস চালিয়ে যাচ্ছে সংস্কার। এদিনের আলোচনা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান, সংগঠনের জেলা কমিটির সভানেত্রী শাশ্বতী নাথ সম্পাদিকা সুপ্রীতি নাথ সুতার। আলোচনা সভায় মাঝে দেশাত্মবোধক সংগীত পরিবেশন করেন বিশিষ্ট সংগীত শিল্পী শ্রীকান্ত কুন্ড, দ্বিতীয়ার্ধে স্বাধীনতা আন্দোলনে দীনবন্ধু মিত্রের অবদান শীর্ষক আলোচনায় অংশ নিয়ে মূল্যবান বক্তব্য রাখেন শিক্ষাবিদ ড. রাজেন্দ্র মজুমদার। পরাধীন ভারতে অবিভক্ত বাংলার কৃষকদের উপর নাটক, সাহেবদের অত্যাচার অবিচারের বিষয় নিয়ে দীনবন্ধু মিত্রের লেখা নাটক ‘নীলদর্পন’ এর উপর আলোকপাত করে মনোজ্ঞ বক্তব্য রাখেন ড. মজুমদার। সবেশেষে সমবেত কণ্ঠে অখন্ড বন্দেমাতরম সংগীতের মধ্য দিয়ে সংস্কার ভারতী আয়োজিত এদিনের অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। সাংস্কৃতিক কর্মী সুতপা দাস কর্মকারের সঞ্চালনায় সমগ্র অনুষ্ঠান বেশ মনোগ্রাহী হয়ে ওঠে।



# ইমন মাইম সেন্টারের দু'দিনের নাট্য কর্মশালা

সঞ্জিত সাহা ঃ ভারত সরকারের সংস্কৃতি দপ্তরের অধীন সঙ্গীত নাটক একাডেমীর সহযোগিতায় মছলন্দপুর ইমন মাইম সেন্টারের আয়োজনে নিজস্ব উদ্যোগে নির্মিত মছলন্দপুরের পদাতিক মঞ্চে অনুষ্ঠিত হল দুদিনের নাট্য কর্মশালা। ৬ এবং ৭ আগস্ট ২০২৩ এই দুদিন এর কর্মশালায় মোট ৫৩ জন ছাত্র-ছাত্রী ও নাট্যকর্মীরা অংশগ্রহণ করেন। কর্মশালার প্রথম দিন প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জয়ন্ত সাহা, জগদীশ ঘরামী ও বিষ্ণু রায়।




এদিন 'হিরোশিমা দিবস'; কর্মশালার শুরুতে সকলে যুদ্ধের ভয়াবহতার বিরুদ্ধে "যুদ্ধ নয়,শান্তি চাই" এই আদর্শ বুকে নিয়ে এদিনের কাজ শুরু হয়। প্রশিক্ষকরা মূলত খেলার মাধ্যমে থিয়েটারের পাঠ দেন।

নাট্য কর্মশালার দ্বিতীয় দিন প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন অনুপ মল্লিক এবং বিশেষ প্রশিক্ষক ছিলেন বাংলাদেশের প্রখ্যাত নাট্য ব্যক্তিত্ব খোরশেদুল আলম। তিনি বিভিন্ন খেলা এবং সাংস্কৃতিক আদান-প্রদানের মাধ্যমে অংশগ্রহণকারীদের বিশেষ আনন্দ দান করেন।

কর্মশালার শেষে এই দুদিনের অংশগ্রহণকারীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। সমস্ত কর্মশালাটির পরিচালনায় ছিলেন মছলন্দপুর ইমন মাইম সেন্টারের কর্ণধার ধীরাজ হাওলাদার। তিনি বলেন,"সঙ্গীত নাটক একাডেমীর সহযোগীতা এবং ছাত্র-ছাত্রীদের আন্তরিক অংশগ্রহণ এই নাট্য কর্মশালাকে সাফল্যমণ্ডিত করে তুলেছে"।

## লক্ষাধিক টাকার ফসল নষ্টের অভিযোগ

**প্রথমপাতার পর...**

গিয়ে জমির এ হাল দেখে বাগদা থানার দ্বারস্থ হয়েছেন।

পরিবার ও প্রতিবেশীরা জানিয়েছেন, মাজেদ এলাকায় সিপিএম নেতা বলে পরিচিত। এবার তিনি গ্রাম থেকে সিপিএমের প্রার্থীও হয়েছিলেন। তিনি জানিয়েছেন, প্রায় দেড় বিঘার উপর জমিতে কাঁকরোল, বেগুন পটলের চাষ করেছিল। সেগুলি রাতের অন্ধকারে কে বা কারা কেটে সম্পূর্ণ নষ্ট করে ফেলেছে। অভিসন্ধি থেকে তার ক্ষেতের প্রায় পাঁচ লক্ষ টাকার ফসল নষ্ট করা হয়েছে। এ বিষয়ে বাগদার তৃণমূল নেতা পরিতোষ সাহা বলেন, ‘যে বা যারাই এই ফসল কেটে থাকুক, সেটা অন্যায়। তৃণমূল কংগ্রেস এর সমর্থন করে না। প্রশাসনকে বলব দোষীকে দ্রুত সনাক্ত করে শাস্তির ব্যবস্থা করা হোক।’

Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

# গোবরডাঙা গবেষণা পরিষদে সাহিত্যিক ঋতুপর্ণ বিশ্বাসের গ্রন্থ প্রকাশ অনুষ্ঠানে

নীরেশ ভৌমিক ঃ গোবরডাঙার গবেষণা পরিষদে গত ৩ আগষ্ট এক মনোজ্ঞ অনুষ্ঠানে প্রকাশিত হয় প্রবীণ সাহিত্যক ঋতুপর্ণ বিশ্বাসের গ্রন্থ বাঁশি। গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করেন গবেষণা পরিষৎ এর কর্ণধার বিশিষ্ট গবেষক ও পরিবেশ বিদ দীপক কুমার দাঁ। বিশিষ্ট শিক্ষাবিদ ড. সুনীল কুমার বিশ্বাসের পৌরোহিত্যে এদিনের অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক অপূর্ব সাহা, বিষ্ণু সরকার, ড. অরূপ সেন, ড. মৌসুমী ভট্টাচার্য ও বর্ষিয়ান সাংবাদিক সরোজ চক্রবর্তী প্রমুখ।

বিশিষ্ট সংগীত শিল্পী প্রবীর হালদারের কন্ঠে কবিগুরুর লেখা সংগীতের মধ্য দিয়ে গ্রন্থ প্রকাশ অনুষ্ঠানের সূচনা হয়। স্বাগত ভাষণে গবেষণা পরিষৎ এর সম্পাদক দীপক দাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

অধ্যাপিকা মৌসুমী ভট্টাচার্য সাহিত্যিক ঋতুপর্ণ বিশ্বাস প্রনীত বাঁশি গ্রন্থের বিভিন্ন গল্পগুলির উপর আলোক পাত করে গল্পকারের লেখনীর প্রশংসা করে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বিশিষ্ট বাচিক শিল্পী রুমা সাহা ও সাধনা মজুমদারের কবিতা আবৃত্তি উপস্থিত সকলকে মুগ্ধ করে।

## বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা

**প্রথমপাতার পর...**

হয়নি। প্রশাসন কোন কাজ করছে না।’

এ বিষয়ে তৃণমূলের বনগাঁ সাংগঠনিক জেলা সহ-সভাপতি প্রসেনজিৎ ঘোষ বলেন, 'পঞ্চায়েত ভোটে মানুষ ওদের প্রত্যাখ্যান করেছে। জ্বর ডেঙ্গি রুখতে প্রশাসন এবং স্বাস্থ্য দপ্তর ব্যবস্থা নিয়েছে। সকলের চিকিৎসার ব্যবস্থাও করা হচ্ছে। বিজেপি অপপ্রচার করছে।

আকাইপুর গ্রাম পঞ্চায়েত এলাকার ডেঙ্গি পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, নিয়মিত বাড়ি বাড়ি মশা মারার তেল-চুন-ব্লিচিং ছড়ানো হচ্ছে। জঙ্গল সাফাইয়ের কাজ করা হচ্ছে। স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে সমীক্ষা করছেন। কেউ জ্বরে আক্রান্ত হলে হাসপাতালে পাঠিয়ে তার চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে।



আমার সপ্তম বর্ষের জন্মদিনে তোমরা সকলে আমার শ্রদ্ধা ও প্রণাম গ্রহণ কোর। তোমাদের সকলের আশীর্বাদ প্রার্থী

**ওমিশা সাহা**

পিতা- **শ্রীযুক্ত বিকাশ সাহা,**
মাতা- **শ্রীমতি অন্তরা সাহা,**
**শ্রীযুক্ত সঞ্জিত সাহা** (ঠাকুরদাদা)।
সাদপুর, মছলন্দপুর, উত্তর ২৪ পরগণা।
ছবি ঃ নীরেশ ভৌমিক

ADVT.

# কিশলয় তরুণ তীর্থ নামের নতুন প্রযোজনা

সঞ্জিত সাহা ঃ জ্ঞানপিপাসু মানুষদের জন্য এক সময় ভরসা ছিল লাইব্রেরি। কিন্তু বর্তমান ডিজিটাল যুগে লাইব্রেরির গুরুত্ব হয়তো অনেকটাই হ্রাস পেয়েছে। তবুও মোবাইলে বা কম্পিউটারে একটা বই পড়া আর সত্যিকারের একটা বই হাতে নিয়ে পড়া এর মধ্যে অনেক পার্থক্য। বিশেষত শিশু-কিশোর যুবক হাতে একটা বই নিয়ে পড়লে সেটিতে খানিকটা মূর্ততা থাকায় তার মানসিক প্রভাব অনেক বেশি স্থায়ী হয়। তাছাড়া গ্রামাঞ্চলে সবাই সমস্ত বই ডিজিটাল মাধ্যমে পাওয়ার সুযোগ পায় না। এ সমস্ত কথা ভেবেই গাইঘাটার গাজনায় অবস্থিত কিশলয় তরুণ তীর্থ নামের স্বেচ্ছাসেবী সংগঠন লাইব্রেরী গড়ে তোলার প্রচেষ্টা শুরু করেছে।



আমেরিকা প্রবাসী বিশিষ্ট বিজ্ঞানী ডঃ অরূপ সেনগুপ্তর প্রেরণা ও সহায়তায় গত ২৬ শে জানুয়ারি এই লাইব্রেরী বিল্ডিং নির্মাণের জন্য ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। ইতিমধ্যে বেশ কিছু বই সংগ্রহ করা হয়েছে। এই প্রচেষ্টায় সম্প্রতি উদার হাত প্রসারিত করে এগিয়ে এসেছেন বিশিষ্ট সমাজকর্মী ও শিশু-কিশোর সংগঠনের নেতৃত্ব কলকাতার কাকুরগাছি নিবাসী শ্রী তপন কুমার দাস। গত ৬ই আগষ্ট, ২০২৩ তপন কুমার দাস, তাঁর ব্যক্তিগত সংগ্রহে রাখা সমস্ত বই কিশলয় তরুণতীর্থ এর লাইব্রেরির জন্য হাসিমুখে দান করলেন।

কিশোর বয়স থেকেই তরুণতীর্থের একনিষ্ঠ কর্মী ও সংগঠক হিসেবে যুক্ত তপন বাবু বৈষয়িক ব্যাপারকে গুরুত্ব না দিয়ে সারাজীবন পড়াশোনা, বই সংগ্রহ, শিশু-কিশোরদের উন্নয়নমূলক কর্মকান্ড, সাহিত্য-সাংস্কৃতি ও সমাজ কল্যাণমূলক কাজের সাথে নিজেকে যুক্ত রেখেছেন।কর্মজীবনে তিনি ৬০ বছর বয়স পর্যন্ত CAG এ Auditor হিসাবে কাজ করার পরই রাজ্য সরকারের স্বাস্থ্য বিভাগের Senior Auditor হিসাবে (চুক্তি-ভিত্তিক) যুক্ত হয়ে কর্মরত আছেন। ৬৪ বয়সে পদার্পণ করেই এই কর্মবীর তাঁর জীবনের সংগৃহীত সেরা সম্পদ কিশলয় তরুণতীর্থ এর লাইব্রেরির জন্য দিয়ে দিলেন। সেই সাথে দিলেন একটি সম্পূর্ণ ডেস্কটপ কম্পিউটার সেট ও একটি হারমোনিয়াম।

গোবরডাঙা মৃদঙ্গম
GOBARDANGA MRIDANGAM
Azadi Ka Amrit Mahotsav
সংগীত নাটক অকাদেমী Sangeet Natak Akademi
Gobardanga Mridangam's New Theatre Play
"The Unseen Hero' Satish Kar- A Freedom Fighter"
Concept, Script & Direction : Barun Kar
Financial Assistance by : Sangeet Natak Akademi, GOI
Presented by : Gobardanga Mridangam
14 AUGUST 2023, THAKURNAGAR MILAN SANGHA AUDITORIUM, 5.30PM
Cont. 09732481666 / 08436467933 / 09433278921
Email. gobardangamridangam@gmail.com

Future India Logistics
WE CARRY YOUR TRUST
Tapabrata Sen
Propritor
LOGISTICS
7501855980 / 7001727350
futureindialogistics@yahoo.com
Subhasnagar, Bongaon
North 24 pgs, PIN- 743235
TRANSPORT SHIPPING & LOGISTICS SOLUTIONS

# শিল্পাঞ্জলির পুতুল নাচের সেমিনার ও কর্মশালা




নীরেশ ভৌমিক ঃ পুতুল নাটকের উপর দু'দিন ব্যাপী এক কর্মশালা ও সেমিনারের আয়োজন করে গোবরডাঙার অন্যতম সাংস্কৃতিক সংস্থা খাঁটুরা শিল্পাঞ্জলি। গত ৪ জুলাই বিদ্যালয়ের হলঘরে আয়োজিত সেমিনার এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে ছিলেন স্থানীয় চাঁদপাড়া গ্রাম পঞ্চায়েত প্রধান দীপক দাস, গোবরডাঙার খাঁটুরা হাইস্কুলের প্রধান শিক্ষক দেবাশিস মুখোপাধ্যায়, বিশিষ্ট শিক্ষাব্রতী ড. সুনীল বিশ্বাস, নাট্য সমালোচক অভীক ভট্টাচার্য, সাংবাদিক সরোজ চক্রবর্তী, বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকা রত্না রায়, পরিচালক সমিতির সভাপতি তরুণ মণ্ডল, পূর্বতম সভাপতি শ্যামল বিশ্বাস, সদস্য চিরঞ্জিত বৈরাগী, অভিভাবক জয়দেব মণ্ডল প্রমুখ।

শিল্পাঞ্জলির সম্পাদক মলয় কুমার বিশ্বাস উপস্থিত সকল বিশিষ্টজনদের স্বাগত জানান। সদস্যগন সকলকে বরণ করে নেন। সংগীত শিক্ষিকা দিপালী বিশ্বাস ও বিদ্যালয়ের ছাত্রীদের সমবেত কণ্ঠে সংগীতের মধ্য দিয়ে আলোচনা সভার সূচনা হয়। প্রতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় পুতুল নাট্যকলার ব্যবহার শীর্ষক আলোচনা অংশ নেন প্রধান শিক্ষক দেবাশিস মুখোপাধ্যায়, অভিক ভট্টাচার্য, শিল্পাঞ্জলির অন্যতম কর্মকর্তা শঙ্খব্রত বিশ্বাস প্রমুখ। শ্রী বিশ্বাস বলেন, সমবেত শিক্ষিকা ও পড়ুয়াদের সামনে পরিবেশিত পুতুল নাচের অনুষ্ঠান উপস্থিত সকলের মনোরঞ্জন করে। পরদিন শিল্পাঞ্জলির সদস্য স্কুল ছাত্রী শরণ্যা বিশ্বাসের কথা বলা পুতুলের অনুষ্ঠান উপস্থিত সকলের উচ্চসিত প্রশংসা লাভ করে। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রত্না রায় অতীত দিনে বাংলার গ্রামে গঞ্জে পুতুল নাচের ইতি বৃত্ত তুলে ধরে বক্তব্য রাখেন।

# কচি হাতে সংসার চালাতে টোটোর স্টিয়ারিং হাতে কিশোরী

প্রতিনিধি ঃ সংসারের একমাত্র রোজগেরে বাবা অসুস্থ। তাই সংসারে দায়িত্ব নিজের হাতে তুলে নিয়েছে নবম শ্রেণীর ছাত্রী বছর পনেরোর গায়ত্রী হালদার। গাইঘাটার চাঁদপাড়া এলাকায় গায়ত্রী এখন যাত্রীদের পরিচিত মুখ। সকাল হলেই বাবা অলোক হালদারের টোটো নিয়ে বেরিয়ে পড়ে সে। মাঝে কিছুটা সময় স্কুলে পড়াশোনা। স্কুল শেষ হতেই ফের টোটোয় করে যাত্রীদের এক প্রান্ত থেকে অপরপ্রান্তে পৌঁছে দেওয়ায় কাজ বছরখানেক ধরে নিয়মিত করে চলেছে সে। গায়ত্রী পরিবারের সদস্য ও স্থানীয়রা জানিয়েছেন, অলকবাবু, দুই কন্যা সন্তান- স্ত্রীকে নিয়ে চার জনার সংসার। ছোট মেয়ে গায়ত্রী চাঁদপাড়া ঢাকুরিয়া হাই স্কুলের ছাত্রী। বছরখানেক আগে অলক বাবু অসুস্থ হয়ে শয্যাশায়ী হয়ে যায়। আর্থিক অনটনের কারণে সংসার ভেসে যাওয়ার উপক্রম। এরপরই সংসারের হাল ধরতে জেদ করেই বাবার ফেলে রাখা টোটো চালানো শেখা শুরু করে ছাত্রী। গায়ত্রী বলেন, 'শুধু সংসারের হাল ধরাই নয়, বাবার ওষুধ পত্র, দিদির পুলিশ হওয়ার ইচ্ছেকেও এগিয়ে নিয়ে যেতে দিদির পাশে দাঁড়াতেই আমি দৈনিক টোটো চালাই।' মেয়ের মা কৃষ্ণা হালদার বলেন 'মেয়ের লড়াই দেখে আমিও বর্তমানে দুটি বাড়িতে পরিচারিকার কাজ শুরু করেছি। গায়ত্রীর বাবা অলোক হালদার জানিয়েছেন, 'প্রতিমুহূর্তে প্রতিকূল পরিস্থিতি কাটিয়ে গায়ত্রীকে এগিয়ে যেতে হয় টোটো নিয়ে। প্রথম অবস্থাতে নানা বিদ্রুপ কটূক্তির শিকার হতে হয়েছে ছোট্ট মেয়েটিকে। এখন টোটো স্ট্যান্ডের সকলেই, এমনকি পাড়া-প্রতিবেশীরাও সব রকম ভাবে সাহায্য করে মেয়েকে। মেয়ের এই লড়াই রীতিমত চোখে জল এনে দিচ্ছে শয্যাশায়ী বাবার।

# প্রতিধ্বনির নৃত্যনাট্য চন্ডালিকা

নীরেশ ভৌমিক ঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের মহাপ্রয়ান দিবসের প্রাক্কালে গত ৭ আগষ্ট কবিগুরুর রচিত নৃত্যনাট্য মঞ্চস্থ করে ঠাকুরনগর প্রতিধ্বনি সাংস্কৃতিক সংস্থার নৃত্য শিল্পীগণ। ভারত সরকারে সংগীত ও নাটক বিভাগের অর্থানুকুল্যে আয়োজিত নৃত্যনাট্যটি মঞ্চস্থ হয় ঠাকুরনগর বিশিষ্ট কবি প্রয়াত বিনয় মজুমদারের বাস ভবন অঙ্গনের বিনয় সদন মঞ্চে। প্রতিধ্বনির বিশিষ্ট নৃত্যশিল্পী ও নৃত্য শিক্ষিকা মাম্পি দাস পালের নির্দেশনায় পরিবেশিত হয় নৃত্যনাট্য চন্ডালিকায় অংশ গ্রহণ করেন।




# দীঘা সুকান্তপল্লী স্কুলে মৃদঙ্গম এর নাট্যকর্মশালা

নীরেশ ভৌমিক ঃ নাটকের শহর গোবরডাঙার মৃদঙ্গম নাট্য দলের পরিচালনায় ও গাইঘাটা পূর্ব চক্রের দীঘা সুকান্তপল্লী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণের ব্যাবস্থাপনায় গত ৫ আগষ্ট মঞ্চস্থ হল বিদ্যালয়ের পড়ুয়াগণ পরিবেশিত ডেঙ্গু সচেতনতার নাটক ডেঙ্গু ও আমরা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাসুদেব বিশ্বাসের আহ্বানে মৃদঙ্গম নাট্যদলের কর্ণধার বিশিষ্ট নাট্য পরিচালক বরুণ করের নির্দেশনায় ৬ দিন ব্যাপি এক নাট্যকর্মশালা অনুষ্ঠিত হয় বিদ্যালয়ে। বিদ্যালয়ের ২৫ জন ছাত্র- ছাত্রী এই কর্মশালায় অংশ গ্রহন করে। কর্মশালায় নাটক ছাড়াও সংগীত। আবৃত্তি, নৃত্য ও মূকাভিনয়ের উপর প্রশিক্ষন প্রদান করা হয়।

গত ৫ আগষ্ট কর্মশালার শেষ দিন কর্মশালায় প্রস্তুত সচেতনতা শিক্ষামূলক 'ডেঙ্গু ও আমরা' নাটকটি পরিবেশিত হয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের সফল শিক্ষক শিক্ষিকাগণ ছাড়াও উপস্থিত ছিলেন নবনির্বাচিত স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য সুব্রত বৈদ্য, গ্রামবাসী বিষুওপদ বিশ্বাস, অভিভাবক সহ মানুষজন। মাত্র ৪-৫ দিনে প্রস্তুত নাটকটিতে কচি- কাঁচা পড়ুয়াগনের অংশগ্রহন এবং সুন্দর অভিনয় উপস্থিত সকলের প্রশংসা লাভ করে। উপস্থিত সকলে বিদ্যালয় কর্তৃ পক্ষ- এর সঙ্গে মৃদঙ্গম নাট্যদলের সদস্যগণের অভিনয় শিক্ষন সহ শিক্ষামূলক নাটক পরিবেশনের এই মহতী উদ্যোগকে সাধুবাদ জানান। জেঙ্গু রোগের বাহক এডিস মশার জন্ম প্রতিরোধে ব্যবস্থা গ্রহন ও মশারির মধ্যে শয়নের ব্যাপারে নাটকের মাধ্যমে মানুষজনকে সচেতন করানো হয়েছে।




সম্পর্ক গড়ে

নিউ পি. সি. জুয়েলার্স

HALL MARK

হলমার্ক গহনা ও গ্রহরত্ন

১। আমাদের এখানে রয়েছে হাল্কা, ভারী আধুনিক ডিজাইনের গহনার বিপুল সম্ভার।
২। আমাদের মজুরী সবার থেকে কম। আপনি আপনার স্বপ্নের সাধের গহনা ক্রয় করতে পারবেন সামান্য মজুরীর বিনিময়ে।
৩। আমাদের নিজস্ব জুয়েলারী কারখানায় সুদক্ষ কারিগর দ্বারা অত্যাধুনিক ডিজাইনের গহনা প্রস্তুত ও সরবরাহ করা হয়।
৪। পুরানো সোনার পরিবর্তে হলমার্ক যুক্ত গহনা ক্রয়ের সুব্যবস্থা আছে।
৫। আমাদের এখানে পুরাতন সোনা ক্রয়ের ব্যবস্থা আছে। আধার কার্ড ও ব্যাঙ্ক ডিটেলস নিয়ে শোরুমে এসে যোগাযোগ করুন।
৬। আমাদের শোরুমে সব ধরণের আসল গ্রহরত্ন বিক্রয় করা হয় এবং জিয়োলজিক্যাল সার্ভে অব্ ইন্ডয়া দ্বারা টেস্টিং কার্ড গ্রহরত্নের সঙ্গে সরবরাহ করা হয় এবং ব্যবহার করার পর ফেরত মূল্য পাওয়া যায়। হোলসেলেরও ব্যবস্থা আছে।
৭। সর্বধর্মের মানুষের জন্য নিউ পি সি জুয়েলার্স নিয়ে আসছে ২৫০০ টাকার মধ্যে সোনার জুয়েলারী ও ২০০ টাকার মধ্যে রূপার জুয়েলারী, যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশি করতে পারবেন।
৮। প্রতিটি কেনাকাটার ওপর থাকছে নিউ পি সি অপটিক্যাল গিফ্‌ট ভাউচার।
৯। কলকাতার দরে সব ধরনের সোনার ও রূপার জুয়েলারী হোলসেল বিক্রয়ের ব্যবস্থা আছে।
১০। সোনার গহনা মানেই নিউ পি সি জুয়েলার্স।
১১। আমাদের এখানে বসছেন স্বনামধন্য জ্যোতিষী ওম প্রকাশ শর্মা, সপ্তাহে একদিন— বৃহস্পতিবার।
১২। নিউ পি সি জুয়েলার্স ফ্রান্সচাইজি নিতে আগ্রহীরা যোগাযোগ করুন। আমরা এক মাসের মধ্যে আপনার শোরুম শুরু করার সব রকম কাজ করে দেবো। যাদের জুয়েলারী সম্পর্কে অভিজ্ঞতা নেই, তারাও যোগাযোগ করুন। আমরা সবরকম সাহায্য করবো। শোরুমের জায়গার বিবরণ সহ আগ্রহীরা বর্তমানে কী কাজের সঙ্গে যুক্ত এবং আইটি ফাইলের তথ্যাদি নিয়ে যোগাযোগ করুন।
১৩। জুয়েলারী সংক্রান্ত ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন পুরুষ সেলসম্যান চাকুরীর জন্য Biodata ও সমস্ত প্রমাণপত্র সহ যোগাযোগ করুন দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৪। সিকিউরিটি সংক্রান্ত চাকুরীর জন্য পুরুষ ও মহিলা উভয়ে যোগাযোগ করুন। বন্দুক সহ ও খালি হাতে। সময় দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৫। অভিজ্ঞ কারিগররা কাজের জন্য যোগাযোগ করুন।
১৬। Employee ও কারিগরদের জন্য ESI ও PF এর ব্যবস্থা আছে।
১৭। অভিজ্ঞ জ্যোতিষিরা ডিগ্রী ও সমস্ত ধরণের Documents সহ যোগাযোগ করুন।
১৮। দেওয়াল লিখন ও হোর্ডিংয়ের জন্য আমাদের শোরুমে এসে যোগাযোগ করুন।
১৯। আমাদের সমস্ত শোরুম প্রতিদিন খোলা।
২০। Website : www.newpcjewellers.com
২১। e-mail : npcjewellers@gmail.com

| নিউ পি. সি. জুয়েলার্স | নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ | নিউ পি. সি. জুয়েলার্স বিউটি |
|---|---|---|
| বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে) | বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে) | মতিগঞ্জ, হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা |

এন পি.সি. অপটিক্যাল





১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৪। **চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার বাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে। যোগাযোগ করতে পারেন 8967028106 নম্বরে।**
৫। আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।

বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ



COMPUTER & PRINTER REPAIRING

যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়। কার্টিজ রিফিল করা হয়।

UNICORN



Mob. : 9734300733

অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ


Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - **9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084**
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**